BASMAH Foundation

# বাসমাহ বুলেটিন

জীবন আলোকিত করো, বদলে দাও পৃথিবী...

নভেম্বর-২০১৯

BASMAH BULLETIN
November-2019





## টেকনাফে ফ্রি সেলাইমেশিন বিতরণ ও সনদ প্রদান অনুষ্ঠান

গত ১৬ই অক্টোবর বুধবার বিকাল ৪টায় বাসমাহ ফাউন্ডেশনের টেকনাফ থানার সাবরাং ইউনিয়নে সেলাইমেশিন প্রশিক্ষণ কেন্দ্রে দরিদ্র ও অসচ্ছল ১০জন নারীকে ফ্রি সেলাইমেশিন এবং দর্জি সনদ প্রদান করা হয়েছে। গত ১৯ জুন থেকে শুরু হওয়া ৩মাস ব্যাপী এই কোর্সটি শেষ হয়েছে ১৫ই অক্টোবর। ফ্রি সেলাইমেশিন বিতরণ ও সনদ প্রদানের এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন টেকনাফ উপজেলা সমাজসেবা অফিসার গিয়াস উদ্দিন, সাবরাং ইউনিয়নের মেম্বার শহিদুল ইসলাম , বাসমাহ ফাউন্ডেশনের অফিস ম্যানেজার মোহাম্মদ আশাবুদ্দিন, আঞ্চলিক অফিসের দায়িত্বশীল আনাস বিন সাঈদ সহ স্থানীয় ব্যাক্তিবর্গ।

বক্তাগণ এই প্রশক্ষিণের মাধ্যমে শিক্ষার্থীদের উজ্জ্বল ভবিষ্যত কামনা করেন এবং কাজে উৎসাহিত করেন। এসময় সমাজ সেবা অফিসার গিয়াসউদ্দিন ও ইউনিয়ন পরিষদের মেম্বার শহিদুল ইসলাম বাসমাহ ফাউন্ডেশনের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে পাশে থাকার আশ্বাস দেন।**বাকি অংশ ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য ...**



## বিশুদ্ধ পানি প্রকল্পের আরো ৪টি গভীর নলকূপ স্থাপন



পানি মানুষের জীবনে অতীব প্রয়োজনীয় ও গুরুত্বপূর্ণ একটি উপাদান। পানিকে বলা হয় জীবন। পানি সকল মানবাধিকারের ভিত্তি হিসেবেও স্বীকৃত। বিশুদ্ধ পানির অভাবের দিক থেকে বাংলাদেশ সবার শীর্ষে। এদেশের ৪-৫ টি জেলা ব্যতীত প্রায় সবকটি জেলায় রয়েছে ঝুঁকিপূর্ণ মাত্রায় আর্সেনিকের উপস্থিতি। যা মানুষের স্বাস্থ্যগত ক্ষেত্রে অত্যন্ত নেতিবাচক প্রভাব ফেলছে। অর্থ ও সচেতনতার অভাবে সবার জন্য বিশুদ্ধ পানি নিশ্চিত করা সম্ভব হচ্ছে না। বিশেষ করে দরিদ্র ও অবহেলিত জনগোষ্ঠীর জন্য এটি বড় একটি চ্যালেঞ্জ। তাই BASMAH USA এর অর্থায়নে বাসমাহ ফাউন্ডেশন এদেশের অবহেলিত ও সুবিধা বঞ্চিত জনপদ সমূহে 'বিশুদ্ধ পানি প্রকল্প' নিয়ে কাজ করে যাচ্ছে। আলহামদুলিল্লাহ এই প্রকল্পের আওতায় এপর্যন্ত ৩০টিরও বেশী গভীর নলকূপ স্থাপিত হয়েছে। যা প্রতিনিয়ত সম্প্রসারণশীল রয়েছে।

### যোগাযোগ

Phone: +8801709-258625
basmahfoundation@gmail.com

fb.com/basmahfoundation
http://www.basmah-bd.org

সাদিপুর, বড়নগর, সোনারগাঁ,
নারায়ণগঞ্জ, বাংলাদেশ।


BASMAH Foundation

# বাসমাহ বুলেটিন

জীবন আলোকিত করো, বদলে দাও পৃথিবী...

নভেম্বর-২০১৯

BASMAH BULLETIN
November-2019



টাঙ্গাইলের শুশুয়া চরে বাসমাহ ফাউন্ডেশনের বিতরণকৃত বাদামের বীজ থেকে উৎপন্ন ফসলের কয়েকটি দৃশ্য

গত ৩ই সেপ্টেম্বর টাঙ্গাইলের শুশুয়াচরে প্রথম দফায় অর্ধশত পরিবারে বাদামের বীজ বিতরণ করা হয়েছিলো, আলহামদুলিল্লাহ তাদের ফসলের মাঠে এখন সবুজের সমারোহ।

পরিমিত বৃষ্টিসহ আবহাওয়া অনুকূলে থাকলে এবার সেখানে বাদামের বাম্পার ফলন হবে বলে মনে করেন স্থানীয় কৃষকরা। এতে আশা করা যায় অর্থনৈতিক ভাবে অনুন্নত এই জনপদের মানুষ কিছুটা হলেও উপকৃত হতে পারবেন।


উল্লেখ্য বাসমাহ এখন পর্যন্ত এই চরাঞ্চলে ৩০০ পরিবারে ৩ দফায় বাদামের বীজ বিতরণের কাজ সম্পন্ন করেছে।

## সংস্থার কাজ পর্যবেক্ষণ করতে বাসমাহ'র CEO এর দেশে আগমন



বাসমাহ ফাউন্ডেশনের চলমান সকল প্রকল্প বাস্তবায়ণে আর্থিক অনুদান দিয়ে সহযোগীতা করছে BASMAH USA, বাসমাহ ফাউন্ডেশনের যাবতীয় কার্যক্রম পরিদর্শন এবং মানোন্নয়নের লক্ষ্যে বাসমাহ ইউএসএর সম্মানিত CEO মুহতারাম মীর হুসাইন সাহেব গত ৩০ই অক্টোবর যুক্তরাষ্ট্র থেকে দেশে আগমন করেন।

## মেডিকেল ক্যাম্পের কার্যক্রম গতিশীল করতে নতুন চিকিৎসক নিয়োগ



আলহামদুলিল্লাহ, বাসমাহ ফাউন্ডেশন সুচিকিৎসা দিয়ে শরণার্থী শিবিরের মানুষের কাছে ব্যপক আস্থা অর্জন করতে সক্ষম হয়েছে। প্রতিদিন রোগীর সংখ্যা বৃদ্ধি পাওয়ায় সকলের উন্নত সেবা নিশ্চিত করতে গত অক্টোবরে নতুন আরো একজন ডাক্তার নিয়োগ দেয়া হয়েছে। উল্লেখ্য কক্সবাজার রোহিঙ্গা শরণার্থী শিবিরে বাসমাহ পরিচালিত ৬টি মেডিকেল ক্যাম্প রয়েছে।





## টেকনাফে ফ্রি সেলাইমেশিন বিতরণ ও সনদ প্রদান অনুষ্ঠান

**(১ম পৃষ্ঠার পর)** বাসমাহ ফাউন্ডেশনের অফিস ম্যানেজার মোহাম্মদ আশাবুদ্দিন বলেন আমরা মূলত সুষ্ঠু ও সুন্দর কর্মসংস্থান সৃষ্টি করতে চাই, আমরা বিশ্বাস করি একটু সচেতনতা ও ধারাবাহিকতা ধরে রাখতে পারলে শিক্ষার্থীরা ক্রমান্বয়ে উন্নতি করতে পারবেন, এবং এখান থেকে আর্থিক-ভাবেও লাভবান হবেন।

উল্লেখ্য ইতোপূর্বে আরও ২৫ জন নারীকে এই কেন্দ্র থেকে সেলাইমেশিন প্রশিক্ষণ এবং ফ্রি সেলাইমেশিন বিতরণ করা হয়েছে। এদিন অনুষ্ঠানে তারাও উপস্থিত ছিলেন।



## শিক্ষাকেন্দ্র ও মেডিকেল ক্যাম্পের কার্যক্রম তদারকি ও মানোন্নয়নের লক্ষ্যে পাক্ষিক আলোচনা সভা।

কক্সবাজারের উখিয়া থানাধীন রোহিঙ্গা শরণার্থী শিবিরে বাসমাহ ফাউন্ডেশন পরিচালিত ৬টি শিক্ষাকেন্দ্র ও মেডিকেল সেন্টার রয়েছে। এর কার্যক্রম, সুবিধা-অসুবিধাসহ সার্বিক তদারকির জন্য অত্র অঞ্চলের সকল দায়িত্বশীলকে নিয়ে গত অক্টোবর মাসে ২টি বিশেষ মিটিং অনুষ্ঠিত হয়েছে। এতে লার্নিং সেন্টারে পড়াশোনার মান উন্নয়ন, শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি এবং শতভাগ উপস্থিতি নিশ্চিত করণে কর্মতৎ-পরতা, টিফিন আওয়ারে বাচ্চাদের জন্য বিস্কুটসহ ফলমূলের ব্যবস্থাকরণ, মেডিকেল ও শিক্ষাকেন্দ্রের পরিসর বৃদ্ধির পরিকল্পনা ইত্যাদি নিয়ে মত বিনিময় ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে সকল কার্যক্রমের তদারকি করেন বাসমাহ এরিয়া ম্যানেজার হাফিজুর রহমান ও প্রজেক্ট ম্যানেজার জাহাঙ্গীর আলম।

BASMAH Foundation

# বাসমাহ বুলেটিন

জীবন আলোকিত করো, বদলে দাও পৃথিবী...

নভেম্বর-২০১৯

**BASMAH** BULLETIN
November-2019






## ময়মনসিংহ এবং সিরাজগঞ্জে আরো দুটি সেলাইমেশিন প্রশিক্ষণ কেন্দ্র উদ্বোধন

আলহামদুলিল্লাহ, বাসমাহ ফাউন্ডেশনের উদ্যোগে দিনাজপুর,লালমনিরহাট এবং টেকনাফের পর এবার ময়মনসিংহ এবং সিরাজগঞ্জে আরো দুটি সেলাইমেশিন প্রশিক্ষণ কেন্দ্র উদ্বোধন করা হলো। অনুষ্ঠানে জনপ্রতিনিধি এবং স্থানীয় ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের শুরুতেই বাসমাহ ফাউন্ডেশনের লক্ষ্য-উদ্দেশ্য তুলে ধরা হয়। দেশব্যপি বাসমাহ ফাউন্ডেশনের কার্যক্রম শুনে স্থানীয় জনগণ সন্তুষ্টি প্রকাশ করেন এবং তারা বাসমাহ ফাউন্ডেশনকে সর্বাত্মক সহযোগীতা করার আশা ব্যক্ত করেন। বাসমাহ ফাউন্ডেশন অসচ্ছল এবং কর্মজীবী নারীদের কর্মসংস্থান সৃষ্টিতে বরাবরই কাজ করে যাচ্ছে। ইনশাআল্লাহ, দেশব্যাপী বাসমাহ ফাউন্ডেশনের এই কার্যক্রম সম্প্রসারিত হতেই থাকবে বলে কর্মকর্তাগণ দৃঢ়তা ব্যক্ত করেন।







## আরও ১৫০ জন কৃষকের মাঝে বিনামূল্যে কৃষি বীজ বিতরণ

টাঙ্গাইল জেলার ভূঞাপুর থানার অন্তর্গত বন্যাদুর্গত শুশুয়া চর এলাকায় গত ২৩ অক্টোবর বুধবার সকাল ১০টায় ১৫০ জন দরিদ্র কৃষককে বিনামূল্যে বাদামের বীজ বিতরণ করা হয়েছে। এসময় উপস্থিত ছিলেন অর্জুনা ইউপি সদস্য আনিছুর রহমান, সাবেক ইউপি সদস্য ওবায়দুল্লাহ, মাস্টার মমিনুর রহমান, বাসমাহ ফাউন্ডেশনের আঞ্চলিক অফিসার আব্দুর রউফসহ স্থানীয় মান্যবর ব্যক্তিবর্গ।

উল্লেখ্য BASMAH USA এর অর্থায়নে বাসমাহ ফাউন্ডেশন ইতোমধ্যে শুশুয়া চর এলাকার সুবিধাবঞ্চিত মানুষের পাশে দাঁড়ানোর লক্ষ্যে ২দফা বীজ বিতরণ সম্পন্ন করেছে, এদিন ৩য় দফা বিতরণের মধ্য দিয়ে ৩০০ পরিবারে এই বীজ প্রদান করা হলো। প্রতিটি প্যাকেটে ১০ থেকে ১৫ কেজি বাদামের বীজ সরবরাহ করা হয়েছে। শুশুয়া চর এলাকা ঘুরে দেখা গিয়েছে প্রায় সবগুলো জমিতেই ভালো ফলন হয়েছে। ক্ষেতে কর্মরত কৃষকরা জানান বাসমাহ থেকে বিতরণ করা বীজের কারণে অন্যান্য বছরের তুলনায় এবছর বেশী আবাদ হচ্ছে। অন্যান্য মৌসুমে অনেকেই অর্থাভাবে সব জমি আবাদ করতে পারতো না, এবছর বাসমাহ এসে পুরো চিত্রই পালটে দিয়েছে।

আশাকরা যায়, আল্লাহ তায়ালার মেহেরবানী থাকলে এবছর কৃষকরা অনেক বেশী লাভবান হতে পারবে। যা তাদের আর্থিক উন্নতির ক্ষেত্রে সহায়ক হবে।

উপদেষ্ঠা: মীর হুসাইন
সম্পাদক: আবু মুহাম্মাদ জুনাইদ

অর্থ সহযোগীতায় Basmah

ব্যবস্থাপনায় BASMAH Foundation